







মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহীর ২৬/০৮/২০২১ তারিখের ৬২৭(৮)/৩য়-১৮/সংস্থাপন স্মারকে গঠিত “অভিযোগ প্রতিকার ব্যবস্থা” (G.R.S) কার্যক্রম পরিচালনা কমিটি” অত্র শিক্ষা বোর্ডের অভিযোগ প্রতিকার ও ব্যবস্থা (G.R.S) সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য গঠিত কমিটির সদস্যদের নিয়ে অদ্য ১৯/০৬/২০২২ তারিখ রবিবার বিকাল ০৪:০০ ঘটিকায় শিক্ষা বোর্ডের উপ পরিচালক (হি: নি:), জনাব মো: বাদশা হোসেন এর অফিস কক্ষে ৪র্থ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন শিক্ষা বোর্ডের সম্মানিত উপ পরিচালক (হি: নি:) জনাব মো: বাদশা হোসেন। সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন এবং বিভিন্ন বিষয়ে সদস্যদের মধ্যে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ

ক্র:নং	নাম ও পদবী	স্বাক্ষর
১.	জনাব হোসেনে আরা আরজু, উপ-বিদ্যালয় পরিদর্শক মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী	ফোকাল পয়েন্ট 
২.	জনাব মো: নেসার উদ্দীন আহম্মদ উপ সচিব (প্রশাসন) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী	বিকল্প ফোকাল পয়েন্ট 
৩.	জনাব মো: জাহিদুর রহিম, উপ পরীক্ষা নিয়ন্ত্রক মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী	সদস্য 
৪.	জনাব মো: আজাহার আলী, প্রশাসনিক কর্মকর্তা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী	সদস্য 

আলোচ্য বিষয়-১ : অভিযোগ প্রতিকার ব্যবস্থার অভিযোগ নিষ্পত্তি প্রসঙ্গে আলোচনা।

সিদ্ধান্ত-১ : মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী এর অভিযোগ কর্মকর্তা (অনিক) জুন/২০২১ মাস হতে এপ্রিল/২০২২ মাস পর্যন্ত GRS পদ্ধতিতে অনলাইনে দায়েরকৃত মোট ২৭ (সাতাশ) টি অভিযোগের মধ্যে ২৩টি নিষ্পত্তি করেছেন। অবশিষ্ট ৪টি অভিযোগ নিষ্পত্তিকরণের প্রক্রিয়া চলমান রয়েছে। মে/২০২২ মাসে দায়েরকৃত ৩টি অভিযোগসহ মোট অভিযোগের সংখ্যা ৭ (সাত) টি। এর মধ্যে মে/২০২২ মাসে ৩টি অভিযোগ নিষ্পত্তি হয়েছে। অবশিষ্ট ৪ (চার) টি অভিযোগ নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে।

আলোচ্য বিষয়-২ : প্রশিক্ষনের বিষয় সংক্রান্ত আলোচনা।

সিদ্ধান্ত-২ : অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত প্রশিক্ষন বিষয়ে বিশদ আলোচনা শেষে এই সিদ্ধান্ত গ্রহন করা হয় যে আগামী জুলাই-২০২২ মাসের ২৩ তারিখ শনিবার সকাল ১০ টা হতে দিন ব্যাপি প্রশিক্ষনের জন্য অত্র বোর্ডের মোট ২০ (বিশ) জন প্রশিক্ষনার্থীর নামের তালিকা করা প্রয়োজন। প্রশিক্ষনার্থী ২০ (বিশ) জনের চূড়ান্ত তালিকা প্রনয়নের জন্য বোর্ডের সংস্থাপন শাখাকে অনুরোধ করা হলো।



আলোচ্য বিষয়-৩ : প্রশিক্ষক বিষয়ে আলোচনা।

সিদ্ধান্ত-৩ : অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত প্রশিক্ষনকালীন সময়ে দুজন প্রশিক্ষক থাকবেন মর্মে সিদ্ধান্ত গ্রহন করা হয়। এদের মধ্যে একজন বহিরাগত প্রশিক্ষক এবং একজন অভ্যন্তরীণ প্রশিক্ষক।
০১। বহিরাগত প্রশিক্ষক থাকবেন জনাব আ.ত.ম. আব্দুল্লাহেল বাকী
সহকারী পরিচালক (প্রশাসন), সিনিয়র সহকারী সচিব, আরপিএটিসি, রাজশাহী।
০২। অভ্যন্তরীণ প্রশিক্ষক থাকবেন জনাব মুহাম্মদ শফিকুল ইসলাম,
সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী।
প্রশিক্ষক ও প্রশিক্ষনার্থীদের পত্র দিয়ে জানানোর জন্য সংস্থাপন শাখাকে অনুরোধ করা হলো।
সেই সাথে উক্ত তারিখে প্রশিক্ষন কর্মশালায় অত্র বোর্ডের সচিব ও চেয়ারম্যান মহোদয়ের
উপস্থিতি সহ অবহিতকরণের অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়-৪ : দুটি স্বচ্ছ অভিযোগ বাক্স স্থাপন সংক্রান্ত আলোচনা।

সিদ্ধান্ত-৪ : অভিযোগ প্রতিকার ব্যবস্থা সুষ্ঠু, সুন্দর ও সেবাগ্রহিতার সুবিধার্থে দুটি স্বচ্ছ অভিযোগ বাক্স এই বোর্ডের সর্বজন দৃশ্যমান স্থানে স্থাপন করা হয়েছে। উক্ত বাক্সে দাখিলকৃত অভিযোগ জিআরএস পদ্ধতিতে আপলোড করার প্রয়োজন আছে কি না এই বিষয়ে প্রশিক্ষনের সময় শিক্ষা গ্রহন করার সিদ্ধান্ত নেওয়া হয়।

সভায় আর কোন আলোচনা বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।



জনাব মো: বাদশাহোসেন

আস্থায়ক

অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জি আর এস)

পরিচালনা কমিটি

ও

উপ-পরিচালক (হি:নি:)

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

রাজশাহী